গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মহাদেবপুর, নওগাঁ।
www.acl.mohadevpur.naogaon.gov.bd

# ২০.০০ একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহালের খাস আদায়ের আবেদনপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা মহাদেবপুর উপজেলার বাংলা ১৪৩২ সনে অ-ইজারাকৃত সরকারি জলমহালের খাস আদায়ের নিমিত্ত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী মহাদেবপুর উপজেলার সকল ইউনিয়নের সরকারি বদ্ধ জলমহাল (২০ একর পর্যন্ত বদ্ধ) শর্তসাপেক্ষে বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্ন সময়সূচী অনুযায়ী মুখবন্ধ খামে প্রস্তাবিত মূল্যসহ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

| সময়সূচী | গৃহীত কার্যক্রম |
|---|---|
| ২২ জুন, ২০২৫ হতে ২৯ জুন, ২০২৫ (বাংলা ০৮ আষাঢ়, ১৪৩২ হতে ১৫ আষাঢ়, ১৪৩২) পর্যন্ত আবেদন দাখিল (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২২ জুন, ২০২৫ হতে ২৯ জুন, ২০২৫ (বাংলা ০৮ আষাঢ়, ১৪৩২ হতে ১৫ আষাঢ়, ১৪৩২) পর্যন্ত উপজেলা ভূমি অফিস, মহাদেবপুর, নওগাঁয় প্রস্তাবিত দর উল্লেখ করে মুখবন্ধ খামে আবেদনপত্র দাখিল করতে হবে। |
| ৩০ জুন, ২০২৫ বাংলা ১৬ আষাঢ়, ১৪৩২ বেলা ৩.০০ ঘটিকা | দাখিলকৃত আবেদনসমূহ উপজেলা খাস আদায় কমিটি কর্তৃক যাচাই বাছাই অন্তে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। |

18.06.25
মোঃ আরিফুজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
মহাদেবপুর, নওগাঁ
e-mail: aclmohadebpur@gmail.com

# শর্তাবলি

০১. ইজারাযোগ্য জলমহালের তালিকাভুক্ত জলমহালসমূহ বাংলা ৩০ চৈত্র, ১৪৩২ (একসনা) পর্যন্ত অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে ।

০২. আদালত কর্তৃক কোন জলমহাল নিয়ে নিষেধাজ্ঞা বা স্থিতাবস্থা বা অস্থায়ী নিষেধাজ্ঞা অথবা এরূপ কোন আদেশ সম্বলিত লিখিত তথ্য নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল হলে সংশ্লিষ্ট জলমহাল এর অস্থায়ী ইজারা/লীজ কার্যক্রমের বর্হিভুত বলে গণ্য হবে।

০৩. জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

০৪. ইজারাগ্রহীতা জলমহালের আয়তন হ্রাসবৃদ্ধি করতে পারবেন না । কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন এবং জলমহালের দৃশ্যমান স্থানে সরকারি মালিকানা সংক্রান্ত সাইনবোর্ড (অফিস কর্তৃক নির্ধারিত ফরমেটে) নিজ খরচে স্থাপন করতে হবে।

০৫. মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। দেশীয় প্রজাতির মাছ হুমকির মুখে পড়ার সম্ভাবনা রয়েছে এমন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

০৬. ইজারাযোগ্য জলমহালের তালিকা অনিবার্য কারণে সংযোজন বা বিয়োজন হতে পারে।

০৭. ইজারা গ্রহীতা কোন জলাশয়ে সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/ গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্যকোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না যদি উপর্যুক্ত কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলাশয় পুন: ইজারা প্রদান করা হবে । এ ক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি ০৩ (তিন) বছরের মধ্যে অপর কোন জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না ।

০৮. ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

০৯. ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না ।

১০. ইজারাগ্রহীতাকে সময়ে সময়ে জারীকৃত সরকারি সকল আদেশ মেনে চলতে হবে । ইজারা প্রদানকৃত জলাশয়ে সরকারি ভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১১. ইজারা গ্রহীতা উর্ধ্বতন সরকারি কর্মকর্তা জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

১২. ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোন পুকুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে কিংবা/আদালতে কোন নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল বা স্থগিত করতে পারবেন/অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।

১৩. বৎসরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ৩০ চৈত্র, ১৪৩২ পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে ।

১৪. যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল খাস আদায় কমিটি সংরক্ষণ করে।

১৫. বর্তমান প্রচলিত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন ।

১৬. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর শর্ত, অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপনের শর্ত ও জলমহাল ইজারা সংক্রান্ত শর্ত যা এখানে উল্লিখিত হয় নাই তাহাও এই ইজারার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৪.০৬.২৫

মোঃ আরিফুজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
মহাদেবপুর, নওগাঁ।